গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,চুয়াডাঙ্গা
(সংস্থাপন শাখা)
www.chuadanga.gov.bd

নং-০৫.৪৪.১৮০০.১০২.১১.০০২.২৫-১২০

তারিখ: ২১ মাঘ, ১৪৩১
০৪ ফেব্রুয়ারি ,২০২৫

"পুন: নিয়োগ বিজ্ঞপ্তি "

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ১৩ জুন, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০১৭.১৫-৭৩ সংখ্যক স্মারক এবং উদ্বৃত্ত কর্মচারী গবেষণা ইউনিটের ১৮ এপ্রিল, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১৬.২২-৬০ ও ২৩ এপ্রিল, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১৬.২২-৫৫ এবং ২৬ ডিসেম্বর, ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০১৬.২২-১০৯ সংখ্যক স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা ও এর অধীনস্থ অফিসসমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে Online-এ (http://dcchuadanga.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (**Online**) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না :

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১।	অফিস সহায়ক	০৩ (তিন) টি (স্থায়ী রাজস্ব)	গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;
০২।	সহকারী বাবুর্চি	০১ (এক) টি (স্থায়ী রাজস্ব)	গ্রেড-২০ ৮২৫০-২০০১০	ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) রান্নার কাজে অন্যূন ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।
০৩।	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার)	০১ (এক) টি (স্থায়ী রাজস্ব)	গ্রেড-২০ ৮২৫০-২০০১০	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;
০৪।	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) (সার্কিট হাউজ)	০১ (এক) টি (স্থায়ী রাজস্ব)	গ্রেড-২০ ৮২৫০-২০০১০	কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ।

শর্তাবলীঃ

০১। এ অফিসের ১৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ০৫.৪৪.১৮০০.১০২.১১.০০১.২১-১০০ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তিটি ১৬-০২-২০২১ তারিখের দৈনিক প্রথম আলো এবং ১৫-০২-২০২১ তারিখের দৈনিক মাথাভাঙ্গা, চুয়াডাঙ্গা পত্রিকায় প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তির অফিস সহায়কের ০৩ (তিন) টি শূন্য পদের বিপরীতে যেসকল প্রার্থী ইত:পূর্বে আবেদন করেছেন এবং এ অফিসের ২৮ এপ্রিল, ২০২৪ তারিখের ০৫.৪৪.১৮০০.১০২.১১.০০২.২৪-২৮৭ সংখ্যক নিয়োগ বিজ্ঞপ্তিটি ২৯-০৪-২০২৪ তারিখের দৈনিক ইত্তেফাক এবং ২৯-০৪-২০২৪ তারিখের দৈনিক মাথাভাঙ্গা, চুয়াডাঙ্গা পত্রিকায় প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তির ০৬ (ছয়) টি শূন্য পদের বিপরীতে যেসকল প্রার্থী ইত:পূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক ও চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩। বিবাহিত নারী প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৪। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা বরাবর আবেদন করতে হবে।

০৫। আবেদন শুরুর ১০-০২-২০২৫ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।

০৬। অসত্য/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত / প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হবে এবং মিথ্যা/ভুল তথ্য সরবরাহ করার জন্য তার বিরুদ্ধে আইনগত/প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদ পত্রের মূল কপি সঙ্গে আনতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর কপি;

খ) নূন্যতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তান হিসেবে চাকুরির আবেদন করতে আগ্রহী প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/বীরঙ্গানা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (পদবি ও নামের সীলসহ) করে সংযুক্ত করতে হবে;

চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক স্ব স্ব পৌরসভার মেয়র/প্রশাসক/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে ;

ছ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক দপ্তর কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদপত্র;

ঝ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ /প্রমাণপত্রের সনদ;

ঞ) ডাউনলোডকৃত Applicant copy এর সত্যায়িত কপি;

ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

০৮। এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্য পদ পূরণের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা ২০২০ ও এর সংশোধনী গেজেট ২০২৪ এর নির্দেশনাসমূহ অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত, নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৯। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় উক্ত অনুমতিপত্র দাখিল করতে হবে।

১০। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর যোগ্যতার পরিপন্থি বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। উপর্যুক্ত তথ্যাদি মোতাবেক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেয়া হবে।

১৩। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত শর্তাবলী প্রযোজ্য হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১৫। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। নিয়োগের ক্ষেত্রে কোটা, বয়স ও অন্যান্য প্রাসঙ্গিক সকল ক্ষেত্রে সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে ।

১৭। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক) আগ্রহী প্রার্থীগণ http://dcchuadanga.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ: ১০-০২-২০২৫ সকাল ১০:০০ টা।

ii) Online- এআবেদনপত্র দাখিলের শেষ তারিখ: ০২-০৩-২০২৫ বিকাল ৫:০০ টা।

বর্ণিত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বর SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির ছাইজ সর্ব্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্ব্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। কাজেই Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী স্বয়ং শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা প্রদান করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy-তে একটি User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যেকোনো teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য জনপ্রতি ৫০/- টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকাসহ মোট ৫৬/- টাকা অফেরতযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা প্রদান করবেন।

নিয়মাবলী :

প্রথম SMS:**DCCHUADANGA**< space>**User ID** লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: **DCCHUADANGA ABCDEF** & send to 16222

Reply : Applicant's Name, Tk. 56/- Will be Charged as application fee. Your PIN is ×××××× To pay fee Type dcchuadanga< space> YES <space > PIN and send to 16222.

দ্বিতীয় SMS:**DCCHUADANGA**< space >**Yes**< space >**PIN** লিখে 16222 নম্বরে send করতে হবে।
Example: DCCHUADANGA Yes 12345678 send to 16222
Reply : Congratulations Applicant's Name Payment completed successfully for DCCHUADANGA Application for ×××××× User ID is (ABCDEF) and password ××××××

বিশেষভাবে উল্লেখ্য যে, Onlineএ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Onlineএ আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

চ. SMSএ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Downloadপূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন।SMSএর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Passwordটি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে। সকল পদে আবেদনকারী প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়, লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ. প্রবেশপত্র সংগ্রহের নোটিশ http:// dcchuadanga.teletalk.com.bd চুয়াডাঙ্গা জেলার ওয়েবসাইটে নোটিশ http:// www.dcchuadanga.gov.bdতে পাওয়া যাবে। এছাড়া প্রবেশপত্র সংগ্রহ সংক্রান্ত SMS শুধু যোগ্য প্রার্থীদের মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. শুধু Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে ;

DCCHUADANGA< space >**Help**< space >**User**< space >**User ID** & send to 16222

Example: DCCHUADANGA Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে

DCCHUADANGA< space >**Help**< space >**PIN**< space >**PIN Number** & send to 16222

Example: DCCHUADANGA Help PIN 12345678 & send to 16222

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd তে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://dcchuadanga.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@ teletalk.com.bd তে ইমেইল/এসএমএস এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/ মেসেজ এর subject-এ Organization Name : DCChuadanga.Post.Name .... Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

ট. ডিক্লারেশন : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা
☎ ০২-৪৭৭৭৮৮৭১১
dcchuadanga@mopa.gov.bd